http://www.facebook.com/islamer.light

كِتَابُ الشُّفْعَةِ

অধ্যায় ঃ শুফ্আ

http://www.facebook.com/islamer.light

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পরম করুণাময় পরম দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি

كِتَابُ الشُّفْعَةِ

অধ্যায় ঃ শুফ্‌আ

١٣٩٧. بَابُ الشُّفْعَةُ فِى مَا لَمْ يُقْسَمْ فَاِذَا وَقَعَتِ الْحُدُوْدُ فَلاَ شُفْعَةَ

১৩৯৭. পরিচ্ছেদ ঃ ভাগ-বাটোয়ারা হয়নি এমন যমীনে শুফ্‌আ[1] এর অধিকার। যখন (ভাগ-বাটোয়ারা হয়ে) সীমানা নির্ধারিত হয়ে যায়, তখন আর শুফ্‌আ এর অধিকার থাকে না।

٢١١٤ حَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ حَدَّثَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِى سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمٰنِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللّٰهِ رَضِىَ اللّٰهُ عَنْهُمَا قَالَ قَضَى النَّبِىُّ ﷺ بِالشُّفْعَةِ فِى كُلِّ مَالَمْ يُقْسَمْ، فَاِذَا وَقَعَتِ الْحُدُوْدُ، وَصُرِّفَتِ الطُّرُقُ، فَلاَ شُفْعَةَ

২১১৪ মুসাদ্দাদ (র.).... জাবির ইব্‌ন আবদুল্লাহ্‌ (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী করীম ﷺ যে সব সম্পত্তির ভাগ-বাটোয়ারা হয় নি, তাতে শুফ্‌আ এর ফায়সালা দিয়েছেন। যখন সীমানা নির্ধারিত হয়ে যায় এবং রাস্তাও পৃথক হয়ে যায়, তখন শুফ্‌আ এর অধিকার থাকে না।

١٣٩٨. بَابُ عَرْضِ الشُّفْعَةِ عَلٰى صَاحِبِهَا قَبْلَ الْبَيْعِ ، وَقَالَ الْحَكَمُ : اِذَا اَذِنَ لَهُ قَبْلَ الْبَيْعِ فَلاَ شُفْعَةَ لَهُ ، وَقَالَ الشَّعْبِىُّ: مَنْ بِيْعَتْ شُفْعَتُهُ وَهُوَ شَاهِدٌ لاَ يُغَيِّرُهَا فَلاَ شُفْعَةَ لَهُ

১৩৯৮. পরিচ্ছেদ ঃ বিক্রয়ের পূর্বে শুফ্‌আ এর অধিকারীর নিকট (বিক্রয়ের) প্রস্তাব করা। হাকাম (র.) বলেন, বিক্রয়ের পূর্বে যদি অধিকারপ্রাপ্ত ব্যক্তি বিক্রয়ের অনুমতি দেয়, তবে তার শুফ্‌আ এর অধিকার থাকে না। শা'বী (র.) বলেন, যদি কারো উপস্থিতিতে তার শুফ্‌আ এর যমীন বিক্রি হয় আর সে এতে কোন আপত্তি না করে, তবে (বিক্রয়ের পরে) তার শুফ্‌আ এর অধিকার থাকে না।

---

১. বাড়ী, জমি ইত্যাদি এজমালী সম্পত্তি হতে কেউ নিজের অংশ বিক্রি করলে অপর শরীকের অথবা বাড়ী বা জমির সংলগ্ন থাকার কারণে প্রতিবেশীর উক্ত বিক্রয় মূল্যে খরিদ করার যে অগ্রাধিকার শরীআত প্রদান করেছে তাকে শুফ্‌আ বলে।

http://www.facebook.com/islamer.light

٢١١٥ حَدَّثَنَا الْمَكِّيُّ ابْنُ إِبْرَاهِيْمَ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي إِبْرَاهِيْمُ بْنُ مَيْسَرَةَ عَنْ عَمْرِو بْنِ الشَّرِيْدِ قَالَ وَقَفْتُ عَلٰى سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ فَجَاءَ الْمِسْوَرُ بْنُ مَخْرَمَةَ فَوَضَعَ يَدَهُ عَلٰى إِحْدٰى مَنْكِبَيَّ إِذْ جَاءَ أَبُوْ رَافِعٍ مَوْلَى النَّبِيِّ ﷺ فَقَالَ يَا سَعْدُ ابْتَعْ مِنِّي بَيْتَيَّ فِي دَارِكَ فَقَالَ سَعْدٌ وَاللّٰهِ مَا أَبْتَاعُهُمَا ، فَقَالَ الْمِسْوَرُ وَاللّٰهِ لَتَبْتَاعَنَّهُمَا، فَقَالَ سَعْدٌ: وَاللّٰهِ لاَ أَزِيْدُكَ عَلٰى أَرْبَعَةِ آلاَفٍ مُنَجَّمَةٍ أَوْ مُقَطَّعَةٍ قَالَ أَبُوْ رَافِعٍ: لَقَدْ أُعْطِيْتُ بِهِمَا خَمْسَمِائَةِ دِيْنَارٍ، وَلَوْ لاَ أَنِّي سَمِعْتُ رَسُوْلَ اللّٰهِ ﷺ يَقُوْلُ الْجَارُ أَحَقُّ بِسَقَبِهِ مَا أَعْطَيْتُكَهُمَا بِأَرْبَعَةِ آلاَفٍ وَإِنَّمَا أُعْطٰى بِهِمَا خَمْسَمِائَةِ دِيْنَارٍ فَأَعْطَاهَا إِيَّاهُ

২১১৫ মাক্কী ইবন ইব্‌রাহীম (র.) ....আম্‌র ইবন শারীদ (র.) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি সা'দ ইব্‌ন আবূ ওয়াক্কাস (রা.)-এর কাছে দাঁড়িয়ে ছিলাম, তখন মিসওয়ার ইব্‌ন মাখরামা (রা.) এসে তাঁর হাত আমার কাঁধে রাখেন। এমতাবস্থায় নবী করীম ﷺ -এর আযাদকৃত গোলাম আবূ রাফি' (রা.) এসে বললেন, হে সা'দ! আপনার বাড়ীতে আমার যে দু'টি ঘর আছে, তা আপনি আমার থেকে খরিদ করে নিন। সা'দ (রা.) বললেন, আল্লাহ্‌র কসম, আমি সে দু'টি খরিদ করব না। তখন মিসওয়ার (রা) বললেন, আল্লাহ্‌র কসম, আপনি এ দু'টো অবশ্যই খরিদ করবেন। সা'দ (রা.) বললেন, আল্লাহ্‌র কসম, আমি তোমাকে কিস্তিতে চার হাজার (দিরহাম)-এর অধিক দিব না। আবূ রাফি' (রা.) বললেন, এই ঘর দু'টির বিনিময়ে আমাকে পাঁচশ' দীনার দেওয়ার প্রস্তাব এসেছে। আমি যদি রাসূলুল্লাহ্ ﷺ -কে এ কথা বলতে না শুনতাম যে, প্রতিবেশী অধিক হক্‌দার তার নৈকট্যের কারণে, তাহলে আমি এ দু'টি ঘর আপনাকে চার হাজার (দিরহাম)-এর বিনিময়ে কিছুতেই দিতাম না। আমাকে এ দু'টি ঘরের বিনিময়ে পাঁচশ' দীনার দেওয়ার প্রস্তাব দেওয়া হয়েছিল। তারপর তিনি তা তাঁকে (সা'দকে) দিয়ে দিলেন।

١٣٩٩. بَابٌ أَيُّ الْجِوَارِ أَقْرَبُ

১৩৯৯ পরিচ্ছেদ ঃ কোন্ প্রতিবেশী অধিকতর নিকটবর্তী

٢١١٦ حَدَّثَنَا حَجَّاجٌ حَدَّثَنَا شُعْبَةُ ح وَحَدَّثَنِي عَلِيٌّ حَدَّثَنَا شَبَابَةُ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا أَبُوْ عِمْرَانَ قَالَ سَمِعْتُ طَلْحَةَ بْنَ عَبْدِ اللّٰهِ عَنْ عَائِشَةَ رَضِيَ اللّٰهُ عَنْهَا قَالَتْ قُلْتُ يَارَسُوْلَ اللّٰهِ إِنَّ لِيْ جَارَيْنِ فَإِلٰى أَيِّهِمَا أُهْدِي قَالَ أَقْرَبِهِمَا مِنْكِ بَابًا –

২১১৬ হাজ্জাজ ও আলী (র.).... 'আয়িশা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ্! আমার দু'জন প্রতিবেশী রয়েছে, তাদের মধ্যে কাকে আমি হাদিয়া দিব? তিনি বললেন, উভয়ের মধ্যে যার দরজা তোমার বেশী কাছে।